R. N. No 2532/57

Regd. No. WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৫৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
ঝকঝকে ছাপা, পরিষ্কার ব্লক ও সুন্দর ডিজাইন
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গীয় শরৎচন্দ্র পণ্ডিত ( দাদাঠাকুর )

আপনার জমি চাষ কি সমস্যা?
একই জমি থেকে একাধিকবার ফসল তুলতে খরা ও বর্ষায় সু-নিশ্চিত চাষের জন্য ট্রাকটর দিয়ে চাষ করুন। এতে পয়সা ও সময় দুয়েরই সাশ্রয় হবে।
ট্রাকটর, পাম্পসেট ভাড়া ও বিভিন্ন সারের জন্য যোগাযোগ করুন। আপনাদের সেবায় নিয়োজিত।
অজয় এগ্রো সার্ভিস সেণ্টার
মির্জাপুর, পোঃ গনকর ( মুর্শিদাবাদ )

৬২শ বর্ষ
২২শ সংখ্যা

রঘুনাথগঞ্জ, ১১ই কার্তিক, বুধবার, ১৩৮২ সাল।
২৯শে অক্টোবর, ১৯৭৫ সাল।

নগদ মূল্য : ১৫ পয়সা
বার্ষিক ৬৲, সডাক ৭৲

## প্রচণ্ড খরায় ধান জ্বলে যাচ্ছে

বিশেষ প্রতিনিধি, ২৭ অকটোবর—লাগাতার খরার দাপটে সাগরদীঘি ব্লকের মনিগ্রাম থেকে রঘুনাথগঞ্জ এক নম্বর ব্লকের বৈদপুর পর্যন্ত বিস্তীর্ণ এলাকার মাঠের ধান শুকিয়ে যাচ্ছে। বরুণ দেবতাকে খুশী করার জন্য গ্রামবাসীদের দুধ-গঙ্গাজল ঢালা, পূজা-পার্বণ মানত করা ইত্যাদির কাজ শেষ। তবু বৃষ্টি হয়নি। মাঠের পর মাঠ ফেটে চৌচির হয়ে গিয়েছে। তারই উপরে বুকে থোর নিয়ে মাঠভরা ধান জ্বলে যাচ্ছে অসহায়ভাবে। মাঠে গিয়ে চাষীদের কান্না পাচ্ছে। অঘ্রাণী ধান গোলায় উঠবে না ভেবে তাঁরা চিন্তিত। এর পর জমিতে কোদালের কোপ পড়বে না ; গম, আলু, পেঁয়াজও ফলবে না। কথিত আছে, এই সময় প্রতিটি শিসের জন্য জল লাগে আশি কলসী। সে জায়গায় এক ফোঁটা জলও পাওয়া মুশকিল। এখানে সেচের কোন ব্যবস্থা না থাকায় ভরসা করতে হয় আকাশের জলে। ভালো বৃষ্টি না হওয়ায় পুকুরে সঞ্চিত জলের অবস্থাও ভালো নয়। তাছাড়া দুনের সেচ গুটিকয়েক পুকুর দিয়ে বিরাট এলাকার জলের চাহিদা মেটানও সম্ভব নয়। তাই চাষীদের নিষ্ফল কাতরোক্তি কার্তিকের কাঠফাটা রোদে ধুয়ে খরাপীড়িত মাঠের ঢেউ দোলানো ফিকে-সবুজ শীর্ণ ধানশিসের ফাঁকে ফাঁকে ফিসফিসিয়ে ফিরছে, আল্লা খরা লয় পানি দে, থোর ভরা শিস বাঁচতে দে, গোলা ভরা ধান উঠতে দে।

## পরিবারের স্বার্থে পরিবার পরিকল্পনা গৃহীত হওয়া উচিত : কৃষিমন্ত্রী

বহরমপুর, ২৬ অকটোবর- পরিবার পরিকল্পনার প্রয়োজনের পরিপ্রেক্ষিতে ডাঃ বিমল সিংহ রিক্রিয়েসন হলে জেলা শাসক আহূত এক আলোচনা চক্রে কৃষিমন্ত্রী আবদুস সাত্তার বলেন, খাদ্যোৎপাদন শেষ সীমায় পৌঁচেছে, কিন্তু মানুষের জন্মহার সে তুলনায় কমেনি। আমাদের দেশে ৬০% লোক এখনও দারিদ্র্য সীমার নীচে বাস করে, বছরে এক কোটি ত্রিশ লাখ লোক জন্মায়। আমাদের বড় শত্রু ক্ষুধা, মূল সংগ্রাম দারিদ্র্যের বিরুদ্ধে। তাই দেশ, জাতি ও পরিবারের স্বার্থে পরিবার পরিকল্পনা কর্মসূচী গৃহীত হওয়া উচিত। এতে ধর্মের গোঁড়ামি থাকার কথা নয়। 'ভেসেকটমি অপারেশনের পর নামাজ পড়তে পারে না'—জনৈক মৌলভীর এই মর্মে লিখিত এক চিরকুটের জবাবে কৃষিমন্ত্রী বলেন, পৃথিবীর সমস্ত মুসলিম দেশেই পরিবার পরিকল্পনা কর্মসূচী গৃহীত হয়েছে এবং ইসলাম ধর্ম বিশেষ প্রয়োজনে পরিবার নিয়ন্ত্রণের পক্ষপাতী।

এম এল এ, বি ডি ও, এস ডি ও, অঞ্চল প্রধান, পুরপতি, স্বাস্থ্যকর্মী এবং অন্যান্যরা এই আলোচনা চক্রে উপস্থিত ছিলেন। সভায় চলতি বছরে

( ৪র্থ পৃষ্ঠায় দ্রষ্টব্য )

## অঞ্চল প্রধানদের ৪ থেকে ২০ বছরের খাজনা বাকী। সাগরদীঘির অঞ্চল প্রধান গ্রেপ্তার

সাগরদীঘি ২৯ অকটোবর—এই ব্লকের দশটি অঞ্চলের দু'একজন বাদে সমস্ত অঞ্চল প্রধানদের চার থেকে কুড়ি বছরের জমির খাজনা বাকী আছে বলে ভূমি সংস্কার সংস্থা থেকে খবর পাওয়া গিয়েছে। জে এল আর ও এইসব অঞ্চল প্রধানদের কাছ থেকে অনাদায়ী খাজনা আদায়ের জন্য কঠোর ব্যবস্থা নিচ্ছেন। ২৪ অকটোবর সাগরদীঘি সদর অঞ্চল প্রধান ডাঃ বদরুল হকের বিশ বছরের বকেয়া খাজনা আদায়ের জন্য পুলিশের সাহায্য নিয়ে কর্তৃপক্ষ অস্থাবর করতে গিয়েছিলেন। কিন্তু দুর্ভাগ্যবশতঃ সেই অস্থাবর ফেল হয়ে যায়। প্রকাশ, পাল্টা ব্যবস্থা হিসেবে এই অঞ্চল প্রধান ২৮ অকটোবর বৃত্তিকর আদায়ের উদ্দেশ্যে কিছু লোক নিয়ে স্থানীয় জে এল আর ও অফিসে এসে উত্তপ্ত পরিবেশের সৃষ্টি করেন। জে এল আর ও পুলিশের হস্তক্ষেপ প্রার্থনা করলে সাগরদীঘি পুলিশ অঞ্চল প্রধান ডাঃ বদরুল হক, সানুজ একরামুল হক এবং আরও কয়েক-জনকে গ্রেপ্তার করে। আজ জঙ্গিপুর আদালত থেকে তাঁরা জামিনে মুক্তি পান।

এখানকার শুধু অঞ্চল প্রধানরাই যে খাজনা বাকী রেখেছেন তাই নয়, একজন অঞ্চল প্রেসিডেন্টের বিরুদ্ধেও কয়েক বছরের খাজনা বাকী রাখার খবর পেয়েছেন স্থানীয় ভূমি সংস্কার কর্তৃপক্ষ। প্রেসিডেন্টটি বন্যেশ্বর অঞ্চলের। এঁর এবং আর সকলের বকেয়া খাজনা আদায়ের ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে বলে একই সূত্রে জানা গিয়েছে।

## জেলা যুব কংগ্রেস কমিটি পুনর্গঠিত

বহরমপুর, ২৬ অকটোবর—মুর্শিদাবাদ জেলা যুব কংগ্রেস কার্যালয়ে অনুষ্ঠিত এক সমাবেশে গত ৬ অকটোবর প্রদেশ যুব কংগ্রেস সভাপতি সুদীপ ব্যানারজি পুনর্গঠিত জেলা যুব কংগ্রেস কর্মকর্তাদের নাম ঘোষণা করেন। এঁরা হলেন : দীপককুমার রায়—সভাপতি ; প্রদীপ মজুমদার, সামসুজ্জোহা চৌধুরী, রবীন্দ্র পণ্ডিত, প্রিয়নাথ রায়—সহ-সভাপতি ; স্বপন গোস্বামী, অমল মণ্ডল—সাধারণ যুগ্ম-সম্পাদক ; অলোক ত্রিবেদী—কোষাধ্যক্ষ ; ওবায়দুর রহমান, উৎপল মজুমদার, চিত্তদাস পালিত ও দীপক মৈত্র—সম্পাদকবৃন্দ। জঙ্গিপুর মহকুমার ভাঙন প্রতিরোধ, ফরাক্কায় সুপার থারমাল পাওয়ার ষ্টেশন, বহরমপুরে মেডিক্যাল কলেজ স্থাপন, জেলায় একটি ষ্টেডিয়াম, কৃষ্ণনগর থেকে লালগোলা পর্যন্ত বৈদ্যুতিক ট্রেন চালু ও কান্দী মহকুমায় স্থায়ী বন্যা প্রতিরোধের দাবিতে সুদীপবাবু অবিলম্বে একটি সম্মেলন ড.কবেন বলে জানান।

ফোন—অরঙ্গাবাদ—৩২
মৃণালিনী বিড়ি ম্যানুফ্যাকচারিং কোং ( প্রাঃ ) লিঃ
হেড অফিস—অরঙ্গাবাদ ( মুর্শিদাবাদ )
রেজিঃ অফিস—২/এ, রামজী দাস জেঠীয়া লেন, কলিকাতা-৭

# ভিন্ন চোখে ॥

## কোজাগরী রাত্রে তিলোত্তমা মহানগরী

কোজাগরী পূর্ণিমার রাত। স্নিগ্ধ উজ্জ্বল জ্যোৎস্নার বন্যায় ধরণী স্নাত হচ্ছে। বঙ্গজনের ঘরে ঘরে লক্ষ্মীদেবীর আবাহন। লাউড-স্পীকারের উদাত্ত-স্বর কান ফাটাচ্ছে : 'এসো মা লক্ষ্মী ·· বোসো মা লক্ষ্মী······'। 'জঙ্গিপুর সংবাদ' সম্পাদকের ৵বিজয়ার অভিনন্দন বার্তা এসে পৌছেচে। অধমাধম সত্যানন্দকে যে অনুত্তম সম্পাদক মনে রেখেছেন এতেই আত্ম-তুষ্টি। এ পত্র মারফৎ পৌছে দিচ্ছি উত্তম-পাঠক ও সুরুচি পাঠিকার হৃদয়-দুয়ারে তৃণ থেকে দীনতর এই ব্যক্তিটির অকৃত্রিম শুভেচ্ছা।

কৃতকর্মা সম্পাদক-মশায়ের আওতা থেকে পালিয়ে এসে অলস-মহারাজের সুখনিদ্রা দিচ্ছিলাম। ভিন্নচোখে তাকাবার অবকাশ নেই। কিন্তু ডাকবিভাগ রেহাই দিল না। ভেবে ছিলাম সত্যানন্দের ছুটি। কারণ নবাগত সুধন্যের অলক্ষ্য থেকে শর-যোজনা অধুনা রসের যোগান দিচ্ছে। আর সুদাস মালীর দৈন্যের মাঝারেও দেখতে পাচ্ছি নান্দনিক ধনভাণ্ডার। সুতরাং চার পৃষ্টার সাপ্তাহিক সংবাদ-পত্রে সংবাদ ও বিড়ির বিজ্ঞাপনের ভিড়ে সত্যানন্দের আত্মপ্রকাশের ফাঁক কোথায়? তবুও অবসর যাপন করতে দেবেন না সম্পাদক। আর 'বাবু'র থেকে 'পেয়াদা' অধিক দড়। বার্তা-সম্পাদক ভকত মশাই ডেকে আনতে বললে বেঁধে আনতে চান। তাই নাকে খত কানে কানমলা দিয়েও কলম ধরতেই হয়।

কিন্তু দোহাই আপনার সম্পাদক-মশাই, এই মুহূর্তে ভিন্নচোখে তাকাই কি করে বলুন? আমি যে এখন উদ্ধত-বক্ষা, উন্নত নিতম্বিনী ম্যাক্সী আর বেলবট্‌সের ভীড়ে হারিয়ে ফেলেছি আমার চোখ।

গান্ধী মহারাজ ইংরেজকে তাড়িয়ে-ছিলেন। কিন্তু ইংরেজ আর তস্য সোদর ইয়াংকি মাকিনের আমাদের বুকের ভেতর আগমনের পথ বুঝি প্রশস্ত হয়ে গিয়েছিলো। —হায় রাম! কল্লোলিনী মহানগরী কোলকাতার কল্লোল-মুখরিত পার্ক ষ্ট্রীটের মোড়ে মহাত্মার ডাণ্ডি অভি-যানের প্রস্তর মূর্তি। দোসরা অক্টোবর দেখলাম ভি, আই, পি'রা চরকা কেটে গেলেন। অথচ আজ রাত্রে এখানে বঙ্গললনাদের বস্ত্র বিপ্লবের ফ্যাসান প্যারেড চলছে। পেছন থেকে দেখলে লিঙ্গ নির্ণয়ে বিভ্রম ঘটছে। কে মিস্ (অথবা মিসেস) আর কেইবা মিষ্টার চিনতে পারি না। রবীন্দ্রনাথের যৌবনের ছবিতে মাথায় লম্বা উইগে'র মতন ঝুঁটি দেখেছিলাম। এরা বলছে, আমরাও কি কম? দাড়ির রেওয়াজ উঠে গিয়ে সাম্প্রতিক দেখছি জুলফি, গালপাট্টা আর ঝোলা গোঁফ।

ম্যাডামরা মিনি-বিকিনি ছেড়ে দিয়ে এখন মিড-ভিক্টোরিয়ান ম্যাকসীতে চলে এসেছেন। অনেকে আবার শুদ্ধু কাউবয় গেঞ্জি আর বেলবট্‌স্। গেঞ্জির নীচে অন্তর্বাস উধাও। মোটা ধুতি আর খাদির পাঞ্জাবী-ধারী সত্যানন্দের লুঙ্গি-কামিজ পরিহিতা পিনপয়োধরা যৌবনবতী সঙ্গিনী জ্বলন্ত সিগারেটের রিং ছেড়ে কমেন্ট্‌স্ ছাড়লেন : 'ইউ আর ব্যাকডেটেড ওল্ড ফুল, এটা আন্তর্জাতিক নারীবর্ষ না!' তাই ব'লে ব্রা-লেস হ'য়ে এই বর্ষ উদ্‌যাপন? [আপনার মহকুমা শহর কেমন আছে স্যার!] —'কোনো বন্ধনে আর আবদ্ধ হ'তে চাহি না মোরা।'

ব্রাভো! এবার পার্ক হোটেলে ঢুকে বার্থডে স্যুটে শেরী-শ্যাম্পেনে আজকের নাইট সেলিব্রেট করবো কিনা ভাবছি! হঠাৎ পুনশ্চ লাউড-স্পীকার গর্জে উঠলো : 'এসো মা লক্ষ্মী······বোসো মা লক্ষ্মী'······

জ্যোৎস্নার আলোয় কোজাগরী রাত্রিতে তিলোত্তমা মহানগরীর বুকের উপর দিয়ে মহাত্মা ডাণ্ডি অভিযানে চলেছেন।

—সত্যানন্দ


### বাড়ী বিক্রয়

রঘুনাথগঞ্জ ফাঁসিতলায় একটি দ্বিতল বাসগৃহ বিক্রয় আছে। যোগাযোগের ঠিকানা—

বিজয়কুমার দে
এন, এইচ, কনষ্ট্রাকসন
ডিভিসন অফিস
পোঃ রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ


# স্বভাব শুধরাতে খুন

অরঙ্গাবাদ, ২০ অকটোবর—জঙ্গিপুর মহকুমার বিভিন্ন অঞ্চলের মত সম্প্রতি সুতী থানার এক সমাজ বিরোধীকে পিটিয়ে হত্যা করা হয়েছে। গ্রামবাসী সূত্রে প্রকাশ, স্বভাব দোষে দুষ্ট আলি হোসেন স্বগ্রাম হারোয়া থেকে বিতাড়িত হলে কুসুমগাছি গ্রামে আশ্রয় নিয়ে সে চুরি, ডাকাতি, ধান কাটা ইত্যাদি নানা রকম অসামাজিক কাজের মাত্রা বাড়িয়ে দেয়। গ্রামের লোকেরা নানাভাবে ওই পথ থেকে তাকে ফেরাবার চেষ্টা করে। কিন্তু চোরা না শুনে ধর্মের কাহিনী। ওকে পুলিশের হাতে তুলে দেওয়া হয়। সেখান থেকে ছাড়া পেয়ে তার অত্যা-চারের মাত্রা আরো বেড়ে যায়। তার অত্যাচারে আতঙ্ক হয়ে গ্রামবাসীরা শেষ পর্যন্ত তাকে পিটিয়ে মেরে ফেলে। ঘটনাটি ঘটে ৮ অকটোবর প্রকাশ্য দিবালোকে।

## একদিনের ফুটবলে বিজয়ী স্বাস্থ্য বিভাগ

রঘুনাথগঞ্জ, ২৭ অকটোবর—গত-কাল উৎসাহ, উদ্দীপনা ও উত্তেজনার মধ্য দিয়ে 'ওয়ান ডে ফুটবল টুর্ণামেন্ট' শেষ হয়েছে। অগ্নিফৌজ, যুবক সংঘ, রাজানগর এবং লুথারিয়ান বিশ্ব সংস্থার স্থানীয় শাখাকে হারিয়ে যোগ্য দল হিসেবে বিজয়ীর সম্মান ছিনিয়ে নিয়েছে স্বাস্থ্য বিভাগ। একই দিনে ৬টি দলের প্রথমে লীগ পর্যায় এবং পরে নকআউট পর্যায়ের খেলা চলে। স্বাস্থ্য বিভাগের খেলোয়াড়দের ক্রীড়া নৈপুণ্য দর্শকদের মনে দাগ কাটলেও লুথারিয়ান দলের খেলা যথেষ্ট তারিফ পায়। ফাইনালে লুথার দল স্বাস্থ্য বিভাগের কাছে ২-০ গোলে পরাজিত হয়। বিজয়ী দল 'সুরঞ্জবালা সামন্ত রাণিং স্মৃতি শীল্ড' এবং বিজিত দল 'সুকুমারীদেবী রাণিং স্মৃতি শীল্ড' লাভ করে। শ্রেষ্ঠ আক্র-মণ ভাগ, রক্ষণ ভাগ ও গোলদাতার সম্মান লাভ করেন যথাক্রমে স্বাস্থ্য বিভাগের গোলাম মোস্তফা, যুবক সংঘের সুভাষ মুখারজি ও লুথারিয়ানের তাসিকুল ইসলাম।


### বিড়ির সেরা

অমর স্পেশ্যাল বিড়ি, মন্দির মার্কা বিড়ি

**মুর্শিদাবাদ বিড়ি ফ্যাক্টরী**

ধুলিয়ান : মুর্শিদাবাদ


# কলেরায় ৮ জনের মৃত্যু

জঙ্গিপুর, ২৭ অকটোবর—রঘুনাথ-গঞ্জ দু'নম্বর ব্লকের মিঠিপুর গ্রামের হালদারপাড়া ও মুসলমানপাড়ায় গত পনের দিনের মধ্যে কলেরার প্রকোপে ৮ জনের মৃত্যু ঘটেছে। আজ এ খবর লেখার সময় অবস্থা স্বাভাবিক হয়ে এসেছে। সংবাদটি গ্রামবাসী সূত্রের।

## হা-ডু-ডু প্রতিযোগিতা

ধুলিয়ান, ২৫ অকটোবর—সাম-সেরগঞ্জ ব্লক ক্রীড়া সংস্থার উদ্যোগে, খড়বোনা সমাজ সেবা সংঘের পরি-চালনায় গত ২০ অকটোবর ধুলিয়ান টাউন ক্লাব বনাম কৃষ্ণপুর অগ্রণী সংঘের উদ্বোধনী হা-ডু-ডু প্রতিযোগিতা অনু-ষ্ঠিত হয় নতুন ধুলিয়ান বাজারে। প্রচুর দর্শক সমাগমে বিপুল উত্তেজনার মধ্যে অগ্রণী সংঘ ধুলিয়ান টাউন ক্লাবকে ৪ গেমে পরাজিত করে। অনুষ্ঠানটির উদ্বোধন করেন সামসেরগঞ্জের বিডিও।


সকল প্রকার ঔষধের জন্য

**নির্ণয় ও নিরাময়**

রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ

ফোন নং : আর, জি, জি ১৯

খেতে ভাল ফোন—২৩

★মুক্তা বিড়ি ★ নুরুল বিড়ি

★রেখা বিড়ি

**ময়না বিড়ি ওয়ার্কস্**

ধুলিয়ান, মুর্শিদাবাদ

ট্রানজিট গোডাউন

ডালকোলা (ফোন—৩৫)

১নং পাটনা বিড়ি, ১নং আজাদ বিড়ি, সিনিয়র রুস্তম বিড়ি

**বঙ্গ আজাদ বিড়ি ফ্যাক্টরী**

পোঃ ধুলিয়ান (মুর্শিদাবাদ)

সেলস্ অফিস : গৌহাটি ও তেজপুর

ফোন : ধুলিয়ান—২১

**মণীন্দ্র সাইকেল ষ্টোরস্**

রঘুনাথগঞ্জ

হেড অফিস—**সদরঘাট**

ব্রাঞ্চ—**ফুলতলা**

বাজার অপেক্ষা সুলভে সমস্ত প্রকার সাইকেল, রিক্সা স্পেয়ার পার্টস, ক্রয়ের নির্ভরযোগ্য প্রতিষ্ঠান।

## সেখালিপুর অঞ্চল ভবনের শিলান্যাস

জঙ্গিপুর মহকুমা তথ্য ও জনসংযোগ দপ্তর, ২৯ অকটোবর—আজ রঘুনাথগঞ্জ দু'নম্বর ব্লকের বড়জুমলা গ্রামে সেখালিপুর অঞ্চল পঞ্চায়েত ভবনের শিলান্যাস করেন মুর্শিদাবাদের জেলা শাসক নারায়ণস্বামী রামজী। এই উপলক্ষে পরিবার পরিকল্পনা দপ্তর থেকে এক মনোজ্ঞ প্রদর্শনীর আয়োজন করা হয়। জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিক ডাঃ সত্যনারায়ণ সিংহ, জেলা সাংবাদিক সংঘের সভাপতি কমল বন্দ্যোপাধ্যায়, ক্ষেত্র প্রচার আধিকারিক বিমল দাস, এম এল এ হাবিবুর রহমান প্রমুখ এখানে ভাষণ দেন।

**পরিবার পরিকল্পনা গৃহীত হওয়া উচিত** ( ১ম পৃষ্ঠার পর )

ব্যাপক পরিবার পরিকল্পনা কর্মসূচী গ্রহণ এবং এর প্রয়োজনীয়তা সম্পর্কে বিস্তৃত আলোচনা হয়। প্রধান অতিথির আসন গ্রহণ করেন হেলথ্ সারভিসের এ্যাসিসট্যানট ডিরেকটর এ দত্ত চৌধুরী। সভাপতিত্ব করেন কৃষিমন্ত্রী আবদুস সাত্তার।

### বাদ-প্রতিবাদ

সাগরদীঘি থানার থৈরাটি গ্রামের বৈদ্যনাথ চ্যাটারজি এক পত্রে ২২ অকটোবর তারিখের জঙ্গিপুর সংবাদে প্রকাশিত 'জোর করে ধান কাটার দায়ে ধৃত ১৪' শীর্ষক সংবাদকে 'সম্পূর্ণ ভিত্তিহীন, ভ্রমাত্মক ও অপপ্রচারমূলক বলে বর্ণনা করে জানিয়েছেন যে, 'সন্তোষ মণ্ডলের কোন জমির ধান কাটা হয়নি। ধান কাটা হয়েছে সুকুমার মণ্ডল ও হাসিল সেখের জমির।' তিনি কোন্ পারটির লোক তা জানতে চেয়েছেন এবং প্রমাণ চেয়েছেন সংবাদদাতার কাছে।

অপর দিকে জঙ্গিপুর সংবাদ প্রতিনিধি জানিয়েছেন, প্রকাশিত সংবাদটির ভিত অত্যন্ত শক্ত। সাগরদীঘি থানার এফ আই আর-এ সংবাদের বিষয়বস্তু উজ্জ্বল হয়ে রয়েছে। থানায় গেলেই বৈদ্যনাথবাবু প্রমাণ পাবেন এবং জানতে পারবেন সাগরদীঘি থানার ভারপ্রাপ্ত তরুণ পুলিশ অফিসার শিবপদ সাহা এ ধরনের অপকর্মের মূলোচ্ছেদ ঘটাতে বদ্ধপরিকর।

### সরকারী বিজ্ঞপ্তি

এতদ্দ্বারা জনসাধারণকে জানান যাইতেছে যে মুর্শিদাবাদ জেলার ভূমিসংস্কার বিভাগের জংগীপুর মহকুমার কর্তৃত্বাধীন খেয়াঘাট/খুটাগাড়ী/হাটসমূহ আগামী বাংলা ১৩৮৩ সালের জন্য এক বৎসরের মেয়াদে প্রকাশ্য নিলামডাকে গবর্ণমেণ্ট এষ্টেট ম্যানুয়ালের ৭৫ নিয়মাবলীতে উল্লিখিত উপযুক্ত কর্তৃপক্ষের মঞ্জুরীসাপেক্ষে বন্দোবস্ত দেওয়া হইবে। নিলামডাকের স্থান, তারিখ ও সময় ফেরীঘাট/খুটাগাড়ী ও হাটসমূহের বিস্তারিত বিবরণ ও সর্তাবলী যে কোন অফিস কাজের দিনে (Working day) নিম্ন স্বাক্ষরকারীর অফিসে অথবা অত্র মহকুমার যে কোন জে এল আর ও অফিসে দেখিতে পাওয়া যাইবে।


*প্রিয়রঞ্জন গাঙ্গুলী*
মহকুমা ভূমি সংস্কার আধিকারিক,
জংগীপুর

১০।১০।৭৫

## কুষ্ঠ নিরাময়ে ১৭টি নতুন কেন্দ্র

নিজস্ব সংবাদদাতাঃ কুষ্ঠ রোগ নির্ণয় ও নিরাময়ের কাজে সুবিধার জন্য জঙ্গিপুর কনট্রোল ইউনিটের অধীনে মহকুমার ৩টি ব্লকে ১৭টি নতুন কেন্দ্র খোলা হচ্ছে। এগুলি হবে সাগরদীঘি ব্লকের জিনদীঘি, বোখারা, বাড়ালা, মনিগ্রাম, কাশিয়াডাঙ্গা, সিঙ্গেশ্বরী-গৌরীপুর গ্রামে; রঘুনাথগঞ্জ ব্লকের মিঞাপুর, কুড়ল, রাজানগর, সেকেন্দ্রা, নয়াচক, কৃষ্ণশাইল, তেঘরী গ্রামে এবং সুতী এক নম্বর ব্লকের আহিরণ, বাগদাডাঙ্গা ও কুসুমগাছ গ্রামে। প্রতিটি কেন্দ্রে একজন করে লেপরসি এ্যাসিসট্যাণ্ট থাকবেন এবং ২০ থেকে ২৫ হাজার জনসংখ্যা নিয়ে ৪ লাখ জনসংখ্যা অধ্যুষিত এলাকা নিয়ে কেন্দ্রগুলি বিন্যস্ত হবে। জঙ্গিপুর মহকুমা স্বাস্থ্য দপ্তর থেকে এ খবর পাওয়া গিয়েছে।

*থিন এ্যারারুট ★ ডাইজেসটিভ ★ সবার জন্যই ব্রিটানিয়া*
**বামাপদ চন্দ্র এ্যাণ্ড সনস্**
ব্রিটানিয়া বিস্কুট কোম্পানীর জঙ্গিপুর মহকুমার
একমাত্র পরিবেশক।
রঘুনাথগঞ্জ ★ মুর্শিদাবাদ
ফোন : ২৬




রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত মুদ্রিত ও প্রকাশিত।